



# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

## GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)

(A Company of Petrobangla)

নং-২৮.১৪.০০০০.১০৮.০৯.০২০.১৫. ৬৮২

তারিখঃ ৩১-০৫-২০১৫

### অফিস আদেশ নং-৫৭/২০১৫

সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে পেট্রোবাংলার ২০১৪-২০১৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) গত ০১-০৪-২০১৫ তারিখে স্বাক্ষরিত হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে পেট্রোবাংলার এ ধরনের চুক্তি প্রতিবছর সম্পাদিত হবে এবং একই আদলে পেট্রোবাংলার সাথে এর আওতাধীন সকল কোম্পানির মধ্যে অনুরূপ চুক্তি স্বাক্ষরিত হবে।


২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) Mandatory Strategic Objective এর আওতায় কোম্পানির জন্য প্রণীত National Integrity Strategy (NIS) Work Plan নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। এ পরিপ্রেক্ষিতে, নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কোম্পানির জন্য একটি নৈতিকতা কমিটি গঠন করা হলোঃ

১.১। ব্যবস্থাপনা পরিচালক	-	চেয়ারপারসন
১.২। কোম্পানির সকল মহাব্যবস্থাপক	-	সদস্য
১.৩। উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)	-	সদস্য-সচিব

### ৩। কমিটির কার্যাবলী (ToR)

- ৩.১। NIS work plan-এর আদলে কোম্পানির জন্য প্রযোজ্য শুদ্ধাচার কৌশল প্রণয়ন;
- ৩.২। কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
- ৩.৩। পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
- ৩.৪। কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
- ৩.৫। কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং
- ৩.৬। প্রযোজ্য অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

৪। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

  
(এ, এস, এম ফারুক)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণঃ কমিটির চেয়ারপারসন/সদস্য/সদস্য-সচিব,....., জিটিসিএল।

### অনুলিপিঃ

- ১। উপ-ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল।
- ২। অফিস কপি।